যুগান্তর

তারিখ 05 OCT 2013
পৃষ্ঠা ১৪ কলাম ৭

নাজিরপুর শহীদ জিয়া কলেজ

শিক্ষক নিয়োগ পরীক্ষা ঢাকার পুরনো এমপি হোস্টেলে

নাজিরপুর প্রতিনিধি

পিরোজপুরের নাজিরপুর কলেজের শিক্ষক নিয়োগ পরীক্ষার সব নিয়ম-নীতি উপেক্ষা করে ঢাকার এমপি হোস্টেলে অনুষ্ঠিত হবে। উপজেলা সদরের কলেজের বিভিন্ন বিষয়ের প্রভাষকের ৪টি পদের বিপরীতে ৩১ জন প্রার্থীর অংশগ্রহণে আজ শনিবার সকাল ১০টায় জাতীয় সংসদের পুরনো এমপি হোস্টেলের ব্লক-৩ এর ৫৮ নম্বর রুমে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষায় অংশগ্রহণকারী একাধিক প্রার্থী জানান, আমাদের ৫ অক্টোবর ঢাকার এমপি হোস্টেলের ওই ঠিকানা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুমতিপত্র দিয়েছেন কলেজ কর্তৃপক্ষ। এ ব্যাপারে পরীক্ষায় অংশগ্রহণকারী বিপুব কুমার রায় বলেন, ইন্টারভিউ কার্ডে যেহেতু ঢাকার পুরনো এমপি হোস্টেল। তাই অংশগ্রহণের জন্য ঢাকায় রওনা হয়েছি। এছাড়া পরীক্ষায় অংশগ্রহণকারী অনেকের অভিযোগ, কলেজের গভর্নিং বডির সভাপতি স্থানীয় এমপি একেএম আউয়াল ও সম্পাদক মোঃ আফজাল হোসেন খান আর্থিকভাবে সুবিধা নিতে এমন সিদ্ধান্ত নিয়েছেন। আর তাকে তাকে নেয়া হবে তা আগেই ঠিকঠাক বিনিময়ে ঠিক করে নিয়েছে কলেজ কর্তৃপক্ষ। এর আগেও নিয়োগ পরীক্ষায় একই ধরনের ঘটনা ঘটেছে।

এ ব্যাপারে বরিশাল বোর্ডের চেয়ারম্যান ড. বিমল কৃষ্ণ মজুমদার জানান, নিয়ম অনুযায়ী সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা হওয়া উচিত। তবে এ ব্যাপারে ওই কলেজের অধ্যক্ষের কাছে তার কারণ জানতে চাইলে তিনি জানান, নিয়োগ সংক্রান্ত কোনো কিছুই বলা যাবে না। এ সবকিছু গোপনীয় ব্যাপার। এ ব্যাপারে এমপি আউয়ালের সঙ্গে যোগাযোগ করতে ফোন দিলে তিনি ফোন রিসিভ করেননি।